দৈনিক ইনকিলাব

তারিখ ... 31 JUL 1993
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ২ ...

পরীক্ষা পাসের চাঁদাবাজি!

# পরীক্ষকের নন্দন এখন শ্রীঘরে

রাজবাড়ী, ৩০ জুলাই (নিজস্ব সংবাদদাতা)।- সদ্য সমাপ্ত ডিগ্রী পরীক্ষার রাষ্ট্র বিজ্ঞানের ২ প্রশ্নোত্তর পত্রের ফটো কপিসহ ছানোয়ার হোসেন নামে ১ যুবককে ধরে ছাত্র-শিক্ষক-জনতা পুলিশের কাছে সোপর্দ করেছে। ধৃত যুবকের বাড়ী সাভার জেলার ধামরাই থানাধীন পাঠানতলা গ্রামে। সে ধামরাই কলেজের ২য় বর্ষ কলা বিভাগের ছাত্র বলে জানা গেছে।

বিবরণে প্রকাশ, ডিগ্রী পরীক্ষার প্রশ্নোত্তর পত্রে ঐ দু'টি খাতায় পরীক্ষার্থীকে বেশী নম্বর পাইয়ে দেবার উদ্দেশ্যে তার পিতার কাছ থেকে খাতা দু'টি চুরি করে ফটোকপি করে। তার পিতা মোহাম্মদ আবদুল করিম কাজীপুর জেলার কালিয়াকৈর কলেজের রাষ্ট্র বিজ্ঞানের অধ্যাপক এবং পরীক্ষক। পরীক্ষার উত্তরপত্রে ঐ বিষয়ে বেশী নম্বর পাইয়ে দেবার জন্যে সে ঠিকানা অনুযায়ী মাছপাড়া আসে এবং ২ পরীক্ষার্থীকে খুঁজে তাদের কাছে দশ হাজার টাকা দাবী করে। পরীক্ষার্থীদের একজনের নাম রিজিয়া খাতুন। উত্তরপত্রের ফটোকপির সাথে তার রোল নং রাজ ১০০৮৮ মিল রয়েছে। অপর পরীক্ষার্থীর উত্তরপত্রের ফটোকপি রোল নং রাজ ১০১২৫। তার নাম মোহাম্মদ আবদুল লতিফ।